দৈনিক ইত্তেফাক 4

তারিখ ... 06 JAN 1990
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

## বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ সংশোধনের উদ্যোগে উদ্বেগ প্রকাশ

গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভায় '৭৩-এর বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ আধুনিকীকরণের নামে এককভাবে সরকারী পদক্ষেপে গভীর উদ্বেগ প্রকাশ করিয়া বলা হয়, বহু ত্যাগের বিনিময়ে অর্জিত বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩-এর

( ৪র্থ পৃঃ দ্রঃ )

### বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ

( ৩য় পৃঃ পর )

সংশোধনের নামে সরকারী হস্তক্ষেপ শিক্ষক সমিতি কোন অবস্থাতেই মানিয়া নিবে না।

ফেডারেশনের সভাপতি অধ্যাপক এম মসিহুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বলা হয়, শিক্ষা ব্যবস্থা ও শিক্ষক সমাজের সঠিক সার্বিক উন্নতিকল্পে অধ্যাদেশের কোনরূপ সময়োপযোগী পরিবর্তন বা সংশোধন করিতে হইলে অবশ্যই তাহা নিয়া সংশ্লিষ্ট শিক্ষক সমিতি ও ফেডারেশনের সহিত আলোচনা করিতে হইবে।

—প্রেস বিজ্ঞপ্তি।